

★★ ইউনিভার্সিটি অব শিজুওকা

বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ কিছু তথ্য ★★



১. জাপানিজ ভাষা

বিদেশী শিক্ষার্থীদের জন্য জাপানি ভাষার শিখার জন্য বিনামূল্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতি সপ্তাহে বিভিন্ন লেভেলের একটি করে ক্লাসের ব্যবস্থা করে থাকে।

ক্লাস	লেভেল	বিস্তারিত
জাপানিজ কনভারসেশন ১	প্রাথমিক ধারনার জন্য	জাপানি ভাষা এবং সংস্কৃতি সম্পর্কে প্রাথমিক ধারণা
জাপানিজ কনভারসেশন ২	প্রাইমারি লেভেল	ব্যাকরণ এবং কথোপকথন
জাপানিজ কনভারসেশন ৩	Intermediate level	ব্যাকরণ এবং কথোপকথন নিয়ে বিস্তারিত আলোচনা
জাপানিজ ভাষা (upper level A)	JLPT level 3	Practicing for JLPT test
জাপানিজ ভাষা (upper level B)	JLPT level 2 & 1	Practicing for JLPT test

২. আন্তর্জাতিক সাংস্কৃতিক এক্সচেঞ্জ

-কনভারসেশন পার্টনার

সপ্তাহে একবার, বিদেশী শিক্ষার্থীরা জাপানিজ শিক্ষার্থীদের সাথে তাদের জাপানিজ ভাষার দক্ষতা বৃদ্ধি করতে এবং শিজুওকা প্রিফেকচার বিশ্ববিদ্যালয়ের সহপাঠীদের মধ্যে বন্ধুত্ব জোরদার করার লক্ষ্যে সরাসরি কথার বলার সুযোগ আছে।

-আন্তর্জাতিক এক্সচেঞ্জ রুম

বিদেশী শিক্ষার্থীরা নিজেদের মধ্যে সাংস্কৃতিক এক্সচেঞ্জ বা একে অন্যের সম্পর্কে জানার জন্য একটি বিশেষ কক্ষের ব্যবস্থা আছে।

-ইভেন্ট (International Friendship Club)

International Friendship Club (IFC) প্রতিবছর অনেক গুলি ইভেন্টের আয়োজন করে থাকে।



এপ্রিল	নতুন শিক্ষার্থীদের স্বাগত জানানো
মে	IFC welcome party, বাস tour, বসন্ত উৎসব...
সেপ্টেম্বর	আন্তর্জাতিক এক্সচেঞ্জ tour by IFC
অক্টোবর	ক্যাম্পাস ক্রীড়া উৎসব
নভেম্বর	আন্তর্জাতিক ক্রীড়া উৎসব by IFC
ডিসেম্বর	আন্তর্জাতিক সাংস্কৃতিক এক্সচেঞ্জ পার্টি
ফেব্রুয়ারি	মতবিনিময় সভা

৩. ভিসার আবেদন

বিদেশী শিক্ষার্থীদের ভিসার আবেদন করার জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্রের ব্যবস্থা এবং পরামর্শ বিশ্ববিদ্যালয়ের ছাত্র অফিস থেকে সরবরাহ করা হয়ে থাকে।

৪. পরামর্শ বিভাগ

সব বিদেশী শিক্ষার্থীদের জন্য, জাপানের বিভিন্ন সংস্কৃতি, ভাষা, আচরণ, অভ্যাস, আবহাওয়া বা দৈনন্দিন জীবনের কোন সমস্যার সম্মুখীন হলে, পরামর্শ বিভাগের সাথে আলোচনা করা যেতে পারে/আলোচনা করার সুবিধা আছে।

পরামর্শ করার বিষয়বস্তু	যোগাযোগ: হাবাটাকি বিল্ডিং, ১ম তলা
সামগ্রিকভাবে সমস্ত কিছু (ক্লাস, কোর্স, বৃত্তি, ভিসা, গবেষণা ইত্যাদি)	ছাত্র অফিস (বিদেশী শিক্ষার্থীদের জন্য আলাদা বিভাগ আছে)
Entrance Examination সম্পর্কিত তথ্য	Entrance Examination অফিস
টিউশন সম্পর্কিত তথ্য	হিসাব পরিচালকের অফিস (২য় তলা)
জব (পার্ট-টাইম জব)	Career Support Center
শারীরিক ও মানসিক স্বাস্থ্য	মেডিক্যাল সেন্টার

৫. টিউশন ফি

প্রতি সেমিস্টরের জন্য দিতে হবে ২৬৭,৯০০ ইয়েন।

তবে বিদেশী শিক্ষার্থীদের জন্য টিউশন ফি ছাড়ের সুবিধা আছে। এ সুবিধার আওতায় সম্পূর্ণ বিনা খরচেই অথবা অর্ধেক খরচে আপনি পড়াশোনা চালিয়ে যেতে পারবেন। প্রতি বছরই শিক্ষার্থীদের একাডেমিক দক্ষতার উপর ভিত্তি করে টিউশন ফি মওকুফ করা হয়ে থাকে সম্পূর্ণ অথবা অর্ধেক। সেক্ষেত্রে একজন বিদেশী ছাত্রের আয় বছরে ১.১ মিলিয়ন বা তার থেকে কম হতে হবে।

৬. স্কলারশিপের সুবিধা

শিক্ষার্থীদের জন্য জাপানে বিভিন্ন স্কলারশিপের সুবিধা আছে। সরকারি ছাড়াও বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানও স্কলারশিপ দিয়ে থাকে। এছাড়া প্রায় প্রতিটি বিশ্ববিদ্যালয়ে নিজস্ব স্কলারশিপের ব্যবস্থা আছে।

স্কলারশিপ	ফান্ড (মাসিক)	সময়কাল	যোগ্যতা	২০২০ স্কলারশিপ পেয়েছে	এপ্লিকেশন করার সময়
বিদেশী শিক্ষার্থীদের জন্য (আন্ডারগ্যাজুয়েট)	৫০,০০০ ইয়েন	১ বছর	অনার্স (২য় বর্ষ থেকে)	৫ জন	এপ্রিল
বিদেশী শিক্ষার্থীদের জন্য স্কলারশিপ (গ্যাজুয়েট)	৭০,০০০ ইয়েন	২ বছর	মাস্টার্স	৭ জন	এপ্রিল

✿ অন্যান্য স্কলারশিপের তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিশদ ভাবে দেওয়া আছে।

বিস্তারিত জানতে

CONTACT: International Affairs Centre
UNIVERSITY OF SHIZUOKA
TEL: : +81-54-264-5158 E-mail : ryugaku-oc@u-shizuoka-ken.ac.jp
Address : 52-1 Yada, Suruga-ku, Shizuoka 422-8526 Japan.

Official HP : <https://eng.u-shizuoka-ken.ac.jp/> (English)
Facebook : University of Shizuoka International Students Alumni

★≡ Please feel free to contact us for any further information! Like & follow us on Facebook ★≡



@universityofshizuokainternational